ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২০২০

অমরপুর, ৩ ডিসেম্বর, ২০২৪

**জাতীয় খাদ্য নিরাপত্তা মিশন**

**অম্পি কৃষি মহকুমায় রাজমা চাষে সহায়তা**

জাতীয় খাদ্য নিরাপত্তা মিশনে অম্পি কৃষি মহকুমায় চলতি অর্থবছরে ২৪ জন কৃষককে রাজমা চাষে সহায়তা দেওয়া হবে। এতে কৃষি মহকুমার ৬ হেক্টর জমি রাজমা চাষের আওতায় আসবে। তাছাড়াও অম্পি কৃষি মহকুমায় জাতীয় খাদ্য নিরাপত্তা মিশনে মটর ও ভুট্টা চাষে কৃষকদের সহায়তা দেওয়া হবে। এরফলে ৫৬ জন কৃষক উপকৃত হবেন। রাষ্ট্রিয় কৃষি বিকাশ যোজনায় অম্পি কৃষি মহকুমায় ৪০০ হেক্টর জমিতে সংকর জাতীয় ধান চাষের আওতায় আনতে কৃষকদের সহায়তা দেওয়া হবে। অম্পি কৃষি মহকুমার কৃষি তত্ত্বাবধায়ক নিবাশ দেববর্মা এই সংবাদ জানান।

*****